কোটচাঁদপুরে কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন মিলনায়তনে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক মোঃ আনোয়ার হোসেন মুকুলের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল। সম্মেলনের উদ্বোধক ও প্রধান বক্তা ছিলেন, বাংলাদেশ কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শরীফ আশরাফ আলী।

এতে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, বাংলাদেশ কৃষক লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য ও ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড.মোঃআব্দুর রশিদ, কেন্দ্রীয় কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পান্, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ হালিমা রহমান, সহ-প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পদক মোঃ নুরুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সাংসদ নবী নেওয়াজ, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিেফেুন্নছা মিকি, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা কৃষক লীগের সভাপতি মোঃ সাজেদুল ইসলাম সোম, সাধারণ সম্পাদক আশরাফুল আলম, প্রমূখ।

এদিকে সম্মেলন ঘিরে নেতা-কর্মীদের মাঝে উৎসবের আমেজ লক্ষ করা গেছে। দুপুর হতে বিভিন্ন গ্রাম থেকে আ.লীগের কর্মী-সর্মথকরা রং- বেরঙ্গের ব্যানার পেস্টুন নিয়ে সমাবেশ স্থলে জড়ো হতে থাকে।

অনুষ্ঠানে উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, জেলা ও উপজেলা আ.লীগ এবং সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। এ খবর লেখা পর্যন্ত কমিটির সভাপতি-সাধারণ সম্পাদক নির্বাচিত হয়নি।

কোটচাঁদপুরে প্রয়াত সাংবাদিক স্মরণে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার প্রয়াত কলম সৈনিক সাংবাদিক আজিজুর রহমান ঠান্ডুর প্রথম মৃত্যুবাষিকী উপলক্ষে দোয়া ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

স্থানীয় সাংবাদিকদের আয়োজনে বুধবার বেলা ১১ টার দিক পৌর পাঠাগার মিলনায়তনে দোয়া ও স্মরণ সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম।

সাংবাদিক এসএম রায়হান উদ্দীনের পরিচালনায় স্মরণ সভায় বক্তব্য রাখেন, সিনিয়র সাংবাদিক কাজী মৃদুল, সাংবাদিক কামাল হাওলাদার, সাংবাদিক অশোক দে, সাংবাদিক মঈন উদ্দিন, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, প্রয়াত সাংবাদিকের সহধর্মীনি লায়লি খাতুন প্রমূখ। অনুষ্ঠানে সাংবাদিকদের পক্ষ থেকে প্রয়াত কলম সৈনিকের অসহায় দুটি সন্তানদের হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয়। এসময় সাংবাদিক সুব্রত সরকার, খন্দকার আব্দুল্লাহ বাশার সহ বিভিন্ন মিডিয়ার সাংবাদিক ও নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

স্মরণ সভা শেষে হাফেজ ফরহাদ হুসাইনের পরিচালনায় মরহুম আজিজুর রহমার ঠান্ডুর রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের প্রতিপক্ষের হামলায় নারীসহ ৫ জন আহত

ঝিনাইদহ সদর উপজেলার ফুরসন্দি ইউনিয়নের মাড়ুন্দি গ্রামে প্রতিপক্ষের হামলায় নারীসহ ৫ জন আহত হয়েছে।

সোমবার রাত সাড়ে ৮ টার দিকে ওই গ্রামের পশ্চিম পাড়ায় এ ঘটনা ঘটে। আহতরা হলো-হানিফ মোল্লার স্ত্রী তন্নী বেগম, লুকমান মোল্লার ছেলে আবু সাঈদ মোল্লা, সবুজ হোসেন, টুটুল হোসেন, লুকমান মোল্লার স্ত্রী মোমেনা খাতুন।

স্থানীয়রা জানায়, সোমবার বিকেলে সবুজ হোসেনের সাথে মাছ ধরাকে কেন্দ্র করে পার্শবর্তী মুক্তারামপুর গ্রামের আসাদের তর্ক-বিতর্ক হয়। এক পর্যায়ে আসাদের চাচাতো ভাই সন্ত্রাসী হারুন ও তার ছোট ভাই আরব আলী সবুজকে মারধর করে।

বিকালে সদর উপজেলার কালা গরুর হাট থেকে ফেরার পথে সবুজের বড় ভাই আবু সাঈদ মোল্লাকে মারার জন্য তাড়া করে হারুন ও তার লোকজন। পরবর্তী রাত ৮ টার দিকে হারুন ও তার লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সবুজের বাড়িতে হামলায় চালায়। তারা।

সবুজসহ তার পরিবারের ৫ জনকে পিটিয়ে ও কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, ঘটনাটি শুনেছি। থানায় একটি অভিযোগ এসেছে। তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পূর্ব শত্রুতার জেরে প্রতিপক্ষের হামলায় এক নারী নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের বেড় বিন্নী গ্রামে প্রতিপক্ষের হামলায় এক নারী নিহত হয়েছে। নিহত আসমানী খাতুন (৪৫) একই গ্রামের আমজাদ মোল্লার স্ত্রী।

প্রতিবেশী ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানাযায়, গত ৮ মে বিকালে বাওড়ের পাশে হাঁস আনতে গেলে প্রতিপক্ষ মনোয়ার, আলমগীর ও সন্টু’র

স্ত্রী ও সন্তানেরা এবং নিহত আসমানীর ননদ হালিমা, সেলিনা ও কুটিলা মিলে আমজাদ মোল্লার স্ত্রী’র উপর হামলা চালিয়ে তাকে আহত করে। পরে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে অবস্থার অবনতি দেখে তাকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাত ১টার দিকে ফরিদপুর মেডিকেল কলেজে আসমানীর মৃত্যু হয়। গত ২৩দিনের ব্যাবধানে একই গ্রুপের ২জন নিহতের ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করছে।

উল্লেখ যে, গত ১৭ এপ্রিল ওই গ্রামেই উভয় পক্ষের সংঘর্ষে আলতাফ হোসেন বিশ্বাস (৬৫) নামে ১ জন নিহত ও ১৫ জন আহত হয়। নিহতের ঘটনায় ২৬ জনের নামে হরিণাকুণ্ডু থানায় মামলা হয়। মামলার ২৩ দিন অতিবাহিত হয়ে গেলেও ঘটনাস্থল থেকে ১জন আসামি ছাড়া উল্লেখ যোগ্য কোন আসামি এপর্যন্ত ধরা গ্রেফতার হয়নি। বরং আসামিরা অনেকে অগ্রীম জামিন নিয়ে বাদি পক্ষের ভয়ভীতি দেখাচ্ছে। এই নারীর উপরে হামলা ও নিহতের ঘটনা তারই বহিঃপ্রকাশ বলে অনেকে মনে করছেন।

হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন পারিবারিক ও সামিজক দ্বন্দের ফলে এই হত্যা কান্ড হতে পারে। নিহতের ননদ ও ভাসুরের ছেলে-বউরা এই হত্যাকান্ডের সাথে জড়িত বলে প্রাথমিক ভাবে জানা গেছে, পোস্ট মর্টামের জন্য লাশ মর্গে পাঠানো হয়েছে। এব্যাপার দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে এলাকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

চাঁদপুর ইউনিয়নের চেয়ারম্যান কামাল হোসেন বলেন এই ঘটনা জমি ও পারিবারিক দ্বন্দ্বের কারণে হয়েছে। এটা কোন সামাজিক দ্বন্দ্বের জের না, বা আলতাফ বিশ্বাস নিহতের সাথে এর কোন যোগসূত্র নেয়।

জেলা প্রশাসকের আশ্বাসে দৃষ্টিপ্রতিবন্ধী মেধাবী

ছাত্রের আমরণ অনশন ১৩ ঘন্টা পর স্থগিত

ঢাকা ভার্সিটির দৃষ্টি প্রতিবন্ধি মেধাবী ছাত্র শাহিন আলম সোমবার রাত ৯টা ৪০ মিনিটে তার অনশন স্থগিত করেছেন। ঝিনাইদহ জেলা প্রশাসকের অনুরোধে তিনি আমরণ অনশন স্থগিত করে সার্কিট হাউসে ফিরে যান।

সেখানেই রাতে তাকে রাখার ব্যবস্থা করা হয়। রাতে অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা ও এনডিসি আব্দুল্লাহ আল মামুন গনমাধ্যমকর্মীদের সামনে চাকরী প্রদানের আশ্বাস দিলে তিনি অনশন স্থগিত করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা জানান, শাহিন আলমকে সাময়িক ভাবে কোথাও চাকরী দেওয়া যায় কিনা তা গুরুত্ব দিয়ে বিবেচনা করা হচ্ছে।

তিনি বলেন শাহিন আলমের দাবী প্রধানমন্ত্রীকে লিখিত ভাবে অবহিত করা হবে। হয়তো তিনি একটা চাকরি পেয়ে যাবেন।

কোটচাঁদপুরে ভূয়া ম্যাজিস্ট্রেট আটক

জহুরুল ইসলাম নামের এক ভূয়া ম্যাজিস্ট্রেট ও সাংবাদিকে আটক করেছেন কোটচাঁদপুর মডেল থানা পুলিশ। রবিবার উপজেলার আলুদিয়া গ্রাম থেকে আটক করা হয়।

কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক আব্দুল মান্নান জানান, গেল ১৭ এপ্রিল দুধসরা গ্রামের জিনারুল ইসলাম কোটচাঁদপুর থানায় রবিউল ইসলামের নামে প্রতারনার মামলা করেন। যার নাম্বার ৯। তারিখ ১৭-৪ ২২।

ওই মামলায় রবিউল ইসলামকে আটক করে জেলে পাঠানো হয়েছে। সে কোটচাঁদপুর উপজেলার ফুলবাড়ি গ্রামের সাত্তার তরফদারের ছেলে।

সে কোটচাঁদপুর সহ বিভিন্ন এলাকার মানুষের কাছ থেকে প্রতারনা করে টাকা প্রায় ৮০ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। আর এ সব টাকা নিয়েছেন কারো সেনাবাহিনীতে, কারো পুলিশে চাকুরি পাইয়ে দেবার কথা বলে।

এদিকে তাঁর স্বীকারোক্তি মোতাবেক ভুয়া ম্যাজিস্ট্রেট ও সাংবাদিক পরিচয় দানকারী জহুরুল ইসলামকে আটক করেছেন কোটচাঁদপুর মডেল থানা পুলিশ।

তাকে রবিবার রাতে আলুকদিয়া গ্রামের নিজ বাসা থেকে আটক করা হয়। সে ওই গ্রামের শহিদুল ইসলামের ছেলে। তাঁর নামে ভুয়া ম্যাজিস্ট্রেট সেজে প্রতারনা করে টাকা হাতানোর মামলা রয়েছে। সোমবার সকালে তাকে কোটচাঁদপুর থানা পুলিশ আদালতে পাঠিয়েছেন।

ঝিনাইদহে ৭০ জন সংগ্রামী মাকে সম্মাননা প্রদান

‘পরম পরশে আবেগে আদরে পৃথিবী আমার-মা’ এ শ্লোগানকে সামনে রেখে আন্তজার্তিক মা দিবস উপলক্ষে ঝিনাইদহে ৭০ জন সংগ্রামী মা’কে সম্মননা প্রদান করা হয়েছে।

গত রোববার বিকেলে শহরের দেবদারু এভিনিউতে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর পৃষ্টপোষকতায় এ অনুষ্ঠানের আয়োজন করে জয়বাংলা ইয়ুথ এ্যাওয়ার্ড প্রাপ্ত সংগঠন কথন সাংস্কৃতিক সংসদ (কসাস)।

অনুষ্ঠানে সদরসহ বিভিন্ন এলাকার ছাত্রাবাস, বাসাবাড়িতে কাজ করা ৭০ জন মা’কে সম্মননা প্রদান করা হয়। আয়োজকরা জানায়, ৭০ জন এই সংগ্রামী মা ম্যাস বা বাসাবাড়িতে কাজ করে তাদের সন্তানদের বিশ^বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষায় শিক্ষিত করেছেন। এ জন্যই তাদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, কেসি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর বিএম রেজাউল করিম, বর্তমান অধ্যক্ষ প্রফেসর অশোক কুমার মৌলিক, বিসিকের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, কসাসের সভাপতি অন্তর মাহমুদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

চাকরির দাবিতে দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থী আমরণ অনশন

চাকরির দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্টবিজ্ঞান বিভাগের মাস্টার্সের এক দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থী আমরণ অনশন শুরু করেছেন। সোমবার সকাল সাড়ে ৯টা থেকে ঝিনাইদহ জেলা শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে তিনি এই অনশন শুরু করেন।

সরকার একটি চাকরির নিশ্চয়তা না দেওয়া পর্যন্ত তিনি এক ফোঁটা পানি পান করবেন না বলে জানিয়ে দিয়েছেন।
কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে একটা হ্যান্ড মাইকে তিনি তার আবেদন তুলে ধরেছেন। তিনি দাবি করেন, সরকারের বিভিন্ন দপ্তরে চাকরির আবেদন করছেন কিন্তু প্রতিবন্ধী হওয়ার কারণে কোন চাকরি পাচ্ছেন না।

দৃষ্টিপ্রতিবন্ধী মেধাবী শিক্ষার্থী শাহীন আলম বলেন, চাকরি যদি নাই হবে তাহলে কেন সরকার লেখাপড়ার সুযোগ দিল।
তিনি সমাজসেবা অধিদপ্তরের কারিগরি প্রশিক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেলিফোন অপারেটর, বাংলাদেশ টেলিভিশনের টেলিফোন অপারেটর পদসহ কয়েক জায়গায় চাকরির পরীক্ষা দিয়েছেন।

শাহীন বলেন, আমি সমাজসেবা অধিদপ্তরের কারিগরি প্রশিক্ষকের পরীক্ষায় রিটেনে পাস করেছিলাম। এরপর বাদ পড়ে যাই। বাকিগুলোতে শ্রুতিলেখকের নানা সমস্যার কারণে ঠিকমতো পরীক্ষা দিতে পারিনি।

শাহিন আলম ঝিনাইদহের মহেশপুর উপজেলার আলমপুর গ্রামের কৃষক আবদুল কাদের ও মোছা. ফারা বেগমের দ্বিতীয় সন্তান। করোনাকালীন দেশ বিদেশের ১১৩ জন শিক্ষার্থীকে অনলাইনে কম্পিউটার প্রশিক্ষণ দিয়ে সাড়া ফেলেন তিনি। অনলাইন মাধ্যমে এ প্রশিক্ষণ দিতে কারো কাছ থেকে কানাকড়িও নেননি তিনি।

নিজে একজন দৃষ্টি প্রতিবন্ধী; প্রশিক্ষণও দেন দেশ-বিদেশের দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের। সে সময় দেশের গুরুত্বপূর্ণ গণমাধ্যমগুলো প্রতিবেদন প্রচার করলে আলোচনায় উঠে আসেন তিনি।

শাহিন জন্ম থেকে দৃষ্টিহীন ছিলেন না। আলমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ার সময় তার জ্বর হয়। ডাক্তার কবিরাজ দেখিয়ে জ্বর সেরে গেল। কিন্তু ধীরে ধীরে চোখের দৃষ্টি সম্পূর্ণ হারিয়ে গেল তার। তবুও থেমে থাকেনি পড়ালেখা।

অন্য ১০ জনের মতো পড়া লেখা করার জন্য মরিয়া হয়ে উঠে সে। ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হলেন স্থানীয় হাই স্কুলে। সমাজ সেবা অধিদপ্তরের সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম পরিচালিত নড়াইল তুলারামপুর মাধ্যমিক বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে ভর্তি হন শাহিন। ২০১৩ সালে এসএসসি এবং ২০১৫ সালে ঝিনাইদহের মহেশপুর সামছুল হুদা খান মহাবিদ্যালয় থেকে এইচএসসি পাশ করেন।

শাহিন আলমের স্বপ্ন বিশ্ববিদ্যালয়ে পড়বেন। কিন্তু টাকার বড় অভাব। বন্ধুদের কাছ থেকে নোট সংগ্রহ করে অন্যকে দিয়ে পড়িয়ে অডিও রেকর্ড করে নেন। ওই রেকর্ড শুনে শুনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় মেধাতালিকায় স্থান করে নেন। ধার-দেনা করে ভর্তি হন রাষ্ট্রবিজ্ঞান বিভাগে। ব্রেইল পদ্ধতি ব্যবহার করে পড়ালেখা শুরু করেন তিনি। নিজস্ব কোনো কম্পিউটার ছিল না তার। অদম্য মেধাবী শাহিন বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিপ্রতিবন্ধী রিসোর্স সেন্টারের কম্পিউটারে খণ্ডকালীন প্রশিক্ষণ শেষ করেন।

এরপর কম্পিউটার ব্যবহার করতে শুরু করেন। ধীরে ধীরে অনন্য এক দক্ষ কম্পিউটার ব্যবহারকারী হয়ে উঠেন তিনি। টিউশন ও বৃত্তির টাকায় বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা চলতে থাকে তার। ২০১৯ সালে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক শেষ করেছেন। মাস্টার্স শেষ করার অপেক্ষায় আছেন।

মহামারি করোনায় রাজধানী থেকে নিজ বাড়ি চলে আসেন। বাড়িতে বসে থেকে লাভ কী? কিছু একটা করতেই হবে তাকে। ২০২০ সালের জুলাই মাসে

সামাজিক যোগাযোগমাধ্যমে বিনাপয়সায় দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের ঘোষণা দেন। করোনাকালীন দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য কিছু করার চিন্তা থেকে এ উদ্যোগ নেন শাহিন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিশ্ব মা দিবস ২০২২ পালিত

ঝিনাইদহের হরিণাকুন্ডতে যথাযত মর্যাদায় পালিত হলো বিশ্ব মা দিবস ৷ শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা এই স্নোগানে হরিণাকুন্ড উপজেলা প্রশাসন এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার এর উদ্যোগে আজ সোমবার বেলা ১১ ঘটিকায় সময় জোড়াপুকুরিয়া বৃদ্ধাশ্রমে বিশ্ব মা দিবস পালিত হয় ৷

পবিত্র কোরআন পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ ফারুক হোসেন, অফিসার ইনচার্জ তদন্ত রিয়াজুল হক, যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ বেল্লাল হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা, প্যানেল মেয়র মোঃ সিদ্দিকুর রহমান, কমিশনার আঃ রাজ্জাক, হরিণাকুন্ড প্রেসক্লাব যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, সৌরভ হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম ও অত্র ব্রদ্ধাশ্রমের ইসমত আরা সহ বিভিন্ন এলাকা থেকে আসা বৃদ্ধা মায়েরা উপস্থিত ছিলেন

উক্ত অনুষ্ঠানে বক্তারা মা দিবস উপলক্ষে মাকে নিয়ে স্মৃতি চারন করেন ও আবেগে আপ্লুত হয়ে পড়েন ৷

কোটচাঁদপুরে বিশ্ব ‘মা’ দিবস পালিত

‘শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা’ এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে পালিত হয়েছে বিশ্ব ‘মা’ দিবস। দিবসটি উপলক্ষে রবিবার বেলা ১১ টার দিকে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সহকারি কমিশনার (ভুমি) নিরুপমা রায়ের সভাপতিত্বে অনষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক কমান্ডার মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল।

মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার, সমাজ সেবা অফিসার জহুরুল ইসলাম সহ বিভিন্ন শ্রেণী-পেশার নারী। অনুষ্ঠানে সন্তানরা মায়েদের সম্মানার্থে তাদের পা ধুয়ে দেন।